কোটচাঁদপুরে ইলেকট্রনিক্স দোকানে নগদ অর্থ-মোবাইল ফোন চুরি

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার সাফদাপুর বাজারে একটি ইলেকট্রনিক্স দোকানের উপরের টিন খুলে অভিনব কায়দায় চুরির ঘটনা ঘটেছে। চোর চক্র এসময় নগদ অর্থ সহ ১৭ টি মোবাইল ফোন ও ২৫ হাজার টাকার মোবাইল রিচার্জ কার্ড নিয়ে পালিয়ে যায়। বুধবার রাতে উপজেলার সাফদারপুর বাজারের ব্রাদার্স ইলেকট্রনিক্স এন্ড মোবাইল টেলিকম দোকানে এই চুরির ঘটনা ঘটে। ধারণা করা হচ্ছে রাতের কোন এক সময় চোর চক্র দোকানের উপরের টিন খুলে চুরি করে পালিয়ে যায়।

ভুক্তভোগী ব্যবসায়ী তোজাম্মেল হক জানান, মঙ্গলবার দিনগত রাত সাড়ে ১০ টার দিকে দোকান বন্ধ করে বাড়িতে যায়। বুধবার সকালে ব্যবসা প্রতিষ্ঠানে এসে দোকান খুলেই দেখতে পায় দোকানের মালামাল এলোমেলো অবস্থায় পড়ে আছে। চোরেরা দোকানের সিলিংয়ের উপরের টিনের স্ক্রুপ খুলে ভিতরে প্রবেশ করে। এসময় বড় মাপের ইলেকট্রনিক্স সামগ্রী না নিলেও ৭ টি স্মাট মোবাইলসহ ১৭ টি ফোন, ক্যাশ বাক্সে থাকা নগদ ৩০ হাজার টাকা এবং ২৫ হাজার টাকার মোবাইল রিচার্জ কার্ড নিয়ে পালিয়ে যায়। দোকানি জানায়, নগদ অর্থ সহ লক্ষাধিক টাকার মালামাল চুরি হয়ে গেছে।

বিষয়টি নিয়ে কথা হয় সাফদারপুর পুলিশ ক্যাম্প ইনচার্জ অজিয়ার রহমানের সঙ্গে তিনি জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। চুরির ঘটনায় বাজার বণিক সমিতি আগামী শুক্রবার জরুরী মিটিং দিয়েছেন। তিনি বলেন, এঘটনায় বাজার ব্যবস্থাপনার গাফিলতি আছে। পুলিশের পক্ষ থেকে বাজারে নজরদারী রাখা হচ্ছে। সেই সাথে চোর চক্রের সদস্যদের গ্রেফতারে পুলিশি অভিযান অব্যহত রয়েছে বলেও জানান এই পুলিশ কর্মকর্তা।

মেহেরপুরে মাদক মামলায় একজনের যাবজ্জীবন কারাদণ্ড

মেহেরপুরে ফেনসিডিল রাখার অপরাধে আব্বাছ উদ্দীন (৫৬) নামের এক জনের যাবজ্জীবন কারাদণ্ড, পাঁচ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো এক মাসের কারাদণ্ডাদেশ দিয়েছেন আদালত।
বুধবার দুপুরে মেহেরপুরের জেলা ও দায়রা জজ এস এম আব্দুস সালাম জনাকীর্ণ আদালতে এ রায় ঘোষণা করেন। দণ্ডিত আব্বাছ উদ্দীন গাংনী উপজেলার গরীবপুর গ্রামের নুরাল হকের ছেলে।
জানা গেছে, ২০১৮ সালের ২২ অক্টোবর গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে ৩০ বোতল ফেনসিডিলসহ আব্বাছ উদ্দীনকে তার নিজ বাড়ি থেকে গ্রেপ্তার করে। গাংনী থানার তৎকালীন উপ-পরিদর্শক মকবুল হোসেন বাদী হয়ের ১৯৯০ সালের মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনের ১৯(১) এর ৩(খ) ধারায় একটি মামলা দায়ের করেন।
মামলায় বাদী ও বিবাদী পক্ষের আইনজীবী ও সাক্ষিদের সাক্ষ্য গ্রহন শেষে আসামীর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমানিত হওয়ায় বিজ্ঞ আদালত আব্বাছ উদ্দীনের এ রায় দেন।
মামলায় রাষ্ট্রপক্ষে পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য ও আসামী পক্ষের কৌশলী ছিলেন কামরুল হাসান।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ইউএইচএফপিও রিয়াজুল আলম বদলি

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ইউএইচএফপিও রিয়াজুল আলমের বদলির আদেশ হয়েছে। গত ৪ মার্চ তারিখে গাংনী উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্স থেকে নড়াইল জেলা হাসপাতালে জুনিয়র কনসালটেন্ট(সার্জারি) হিসেবে তাকে বদলি করা হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ উপসচিব পার-৩

মোঃ আবু রাইহান মিঞা এ আদেশ দেন।
ডাক্তার রিয়াজুল আলম গাংনী উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসেবে গত ০২/১১/২০19 ইং তারিখে যোগদান করে দায়িত্ব পালন করছিলেন। বর্তমানে ভারপ্রাপ্ত হিসেবে স্বাস্থ্যকমপ্লেক্সে দায়িত্ব পালন করছেন ডাক্তার মোঃ খোকন রেজা। মেহেরপুর সিভিল সার্জন অফিস থেকে এতথ্য নিশ্চিত করেছেন।

গাংনীতে স্ত্রী ও তার স্বজনের নির্যাতনে স্বামী মৃত্যুর অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার দেবীপুর গ্রামে স্ত্রী ও তার পরিবারের লোকজনের নির্যাতনে আহত স্বামী সাইফুল ইসলাম মারা গেছেন। মঙ্গলবার রাতে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধিন অবস্থায় তার মৃত্যু ঘটে। শুধু নির্যাতন নয় তাকে গাছে বেধে জোর পুর্বক কীটনাশক পান করিয়ে দেয় তারা। এমনি অভিযোগ করেছেন সাইফুলের পরিবার।

সোমবার রাতে পারিবারিক কলহের জের ধরে স্বামী সাইফুল স্ত্রী রোজিনার মধ্যে কথা কাটাকাটি ও মারধরের ঘটনা ঘটে। সাইফুলের ধারালো ক্ষুরের আঘাতে রোজিনা জখম হয়। একই সময়ে রোজিনা ইট দিয়ে সাইফুলের মাথা ফাটিয়ে দেয়। মঙ্গলবার সকালে রোজিনার বাবা মা রোজিনাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠালেও আহত সাইফুলকে চিকিৎসা না দিয়ে একটি গাছের সাথে বেধে রাখে। শুধু তাই নয়, মারধরের পাশাপাশি সাইফুলকে জোর পূর্বক কীটনাশক মুখে ঢেলে দেয়া হয়।

সাইফুলের পিতা ভাদু মণ্ডল জানান, সাইফুলকে গাছে বেঁধে মারধর ও মুখে কীটনাশক ঢেলে দেয়ার সংবাদ পেয়ে বামন্দী ক্যাম্প পুলিশের একটি টীম সাইফুলকে উদ্ধার করে গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরণ করে। তার অবস্থার অবনতি হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করলে গভীর রাতে সাইফুলের মৃত্যু ঘটে।

স্ত্রী রোজিনা জানান, স্বামী সাইফুল মাদকাসক্ত। সে মাদক সেবন করে প্রায়ই নির্যাতন করতো। সোমবার রাতে সাইফুল ক্ষুর দিয়ে জবাই করার চেষ্টা করে। ক্ষুরের আঘাতে দু হাত জখম হয়। স্বামীর হাত থেকে রক্ষা পেতে রোজিনা ইট দিয়ে স্বামী সাইফুলের মাথা ফাটিয়ে দেয় বলেও স্বীকার করে। কীটনাশক পান করানোর ঘটনাটি মিথ্যা বলে দাবী করেন রোজিনা।

ঘটনার সত্যতা স্বীকার করে গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, পুলিশের একটি টীম সাইফুলকে আহত ও গাছে বাঁধা অবস্থায় উদ্ধার করে। পরে হাসপাতালে প্রেরণ করা হয়। কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে সাইফুল মারা গেছে বলে তার পরিবারের লোকজন জানিয়েছে। এ ঘটনায় এখন পর্যন্ত কোন মামলা হয়নি। মামলা হলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে ২৬ মার্চ ও স্বাধীনতা দিবস উদযাপনে প্রস্তুুতি সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে ১৭ মার্চ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী,জাতীয় শিশু দিবস,২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি মুলক সভা করেছে উপজেলা প্রশাসন। বুধবার বেলা ১১ টার সময় উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপত্বি করেন উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ।

এসময় প্রধান হিসেবে বক্তব্য রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক,মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন,গাংনী প্রেসক্লাব সভাপতি প্রভাসক রমজান আলী প্রমুখ। এসময় গাংনী থানার ওসি বজলুর রহমান, বীর মুক্তিযোদ্ধা,বিভিন্ন সরকারী বেসরকারি প্রতিষ্ঠান প্রধান ও স্থানীয় সাংবাদিক বৃন্দরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদার কোমরগাড়ির মাঠ থেকে বাঘ আটক

দামুড়হুদা উপজেলার কোমরগাড়ির মাঠ থেকে একটি বাঘ আকৃতির অসুস্থ মেছোবাঘ আটক করেছেন স্থানীয়রা।

জানা গেছে, গতকাল মঙ্গলবার ১২ টা দিকে দামুড়হুদা ব্র্যাক অফিস সংলগ্ন কোমরগাড়ি মাঠের ধানক্ষেত থেকে মেছোবাঘটি উদ্ধার করা হয়েছে।

স্থানীয়রা জানান, গতকাল মঙ্গলবার বেলা ১২ টার দিকে দামুড়হুদা উপজেলা সদরের বেগোপাড়া গ্রামের মতিয়ার রহমানের ছেলে শাকিল হোসেন কৃষি কাজ করতে মাঠে জান। সেখানে সে বাঘ আকৃতির একটি প্রাণী দেখে বাঘ ভেবে ভয় পেয়ে কৃষি কাজ ফেলে মাঠ থেকে ব্র্যাক মোড়ে আসেন। সেখানে স্থানীয়দের মাঝে শাকিল বিষয়টি জানালে বেগোপাড়ার মাধব মালিথার ছেলে তাহাজ্জত হোসেন ও মৃত. আব্দার আলির ছেলে সামসুল আলম শাকিল হোসেনকে নিয়ে দ্রুত তাঁদের ধানক্ষেতে গেলে একটি অসুস্থ অবস্থায় মেছোবাঘ উদ্ধার করেন। উদ্ধারকৃত বাঘটি দেখতে উৎসুক জনতা ভিড় জমায়।
পরবর্তীতে দামুড়হুদা উপজেলা বন বিভাগকে খবর দিলে বন বিভাগের বাগান সহকারী হুমায়ুন আহমেদ মেছোবাঘটিকে উদ্ধার করে চিকিৎসার জন্য উপজেলা প্রাণী সম্পদ উন্নয়ন কেন্দ্রে নেন। বাঘটি বর্তমানে চিকিৎসাধীণ অবস্থায় রয়েছেন।
উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ মশিউর রহমান জানান, প্রাণী টা দেখতে বাঘ আকৃতির হলেও এটা আসলে বাঘ নয়। এ প্রাণীটাকে মেছোবাঘ বলা হয়। তিনি আরও বলেন, ধারণা করা হচ্ছে ওই স্থানে আরো একটি বাঘ থাকতে পারেন। সম্ভবত দুইটি মেছোবাঘ মারামারি করে দুর্বল হয়ে যাওয়ার ফলে অসুস্থ হয়ে পড়েছে। এ ধরনের প্রাণীর সুস্থ হওয়ার সম্ভাবনা খুবই কম।

দামুড়হুদার পীরপুরকুল্লা মাঠ থেকে ভূমিদস্যু

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের পীরপুরকুল্লা গ্রামের তালতলা মাঠ নামক স্থানে অবৈধভাবে মাটি কেটে বিক্রি করা বন্ধ করে দিলেন দামুড়হুদা সহকারী কমিশনার (ভূমি) কর্মকতা সুদীপ্ত কুমার সিংহ। এই সময় এলাকার চিহিৃত ভূমিদস্যু চাকুলিয়া গ্রামের বকুলের মাটি কাটা ভেকু মেশিন জব্দ করা হয়।

জানা যায়, গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১১ টার সময় পীরপুরকুল্লা গ্রামের মৃত আমিন উদ্দিন এর ছেলে শামসুল ঘটক (৫০) ও তার সহযোগী এলাকার চিহ্নিত ভূমিদস্যু চাকুলিয়া গ্রামের দলু টেংরার ছেলে বকুল
(৪০) পীরপুরকুল্লা গ্রামের বাঘ পাড়ার তালতলা নামক স্থানে অবৈধভাবে মাটি কেটে বিভিন্ন ইট ভাটাই বিক্রি করছে। প্রতি দিন ১০ থেকে ১২ টা গাড়িতে করে মাটি কেটে নিয়ে ইট ভাটায় দেওয়ার সময় গ্রামের রাস্তা ঘাট ভেঙ্গে খানাখন্দে পরিণত করছে এলাকার জনসাধারণের এমন অভিযোগ পেয়ে দামুড়হুদা সহকারী কমিশনার (ভূমি) কর্মকর্তা সুদীপ্ত কুমার সিংহ অতিদ্রুত উক্ত স্থানে অভিযান চালিয়ে একটি এক্সটেভেটার মেশিন জব্দ করেন।

ভূমিদস্যু বকুল ও শামসুল ঘটক কে উপজেলা ভূমি অফিসে যোগাযোগ করার পরামর্শ দিয়েছেন। এবং তারা দেখা না করলে আইনের আওতায় নিয়ে কঠোর শাস্তির আলটিমেটাম দেন। অভিযানের সময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ পরিদর্শক ইব্রাহিম শেখ, ৬নং ওয়ার্ড মেম্বর ইয়াছমিন আক্তারসহ অনেকে। সর্বশেষ সংবাদ পাওয়া পর্যন্ত এক্সটে ভেটার মেশিনটি জব্দ করে মেম্বার ইয়াছমিন আক্তার এর হেফাজতে আছে বলে জানা গেছে।

জমি নিয়ে বিরোধের জেরে

মহেশপুরে ভাইপোর হাতে চাচা খুন

জমি-জায়গা নিয়ে বিরোধের জের ধরে ঝিনাইদহের মহেশপুর উপজেলার আজমপুর ইউনিয়নের আলামপুর গ্রামে রক্তক্ষয়ী সংঘর্ষে ভাইপোর হাতে ওসমান আলী (৭০) নামে চাচা খুন হয়েছেন। গতকাল মঙ্গলবার দুপুরে কোটচাঁদপুরের পার্শ্ববর্তী ব্রিজঘাট এলাকার আলামপুর গ্রামের কুলবাগানে এঘটনা ঘটে।

নিহত ওসমান আলী ওই এলাকার মৃত আজিজ বক্সের ছেলে। এ ঘটনায় একই গ্রামের আলমগীর হোসেনের ছেলে মকসেদ আলী, রমজান আলী এবং আলমগীরের স্ত্রী, আজিজ বক্সের ছেলে খাদেম আলী ও হারুন মিয়ার স্ত্রী ইতি খাতুন আহত হয়েছেন।

এদের মধ্যে ৩ জনকে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হযেছে। স্থানীয় আজমপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুস সাত্তার জানান, গতকাল মঙ্গলবার দুপুরের দিকে ছোট ভাই আলমগীরের সঙ্গে জমি-জায়গা নিয়ে বিরোধ সৃষ্টি হয়। এক পর্যায়ে উভয়ের মধ্যে সংঘর্ষ শুরু হয়। এ সময় মাথায় ভাইপোর দায়ের কোপে ঘটনাস্থলেই চাচা ওসমান আলী নিহত হন। স্থানীয়রা জানায়, জমি-জায়গা নিয়ে বিরোধের জের ধরে ছোট ভাই আলমগীর হোসেনের ছেলে আয়নাল হোসেনের দায়ের কোপে তার মৃত্যু হয়।

মহেশপুর থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম জানান, জমি-জায়গা নিয়ে বিরোধের জের ধরে ওসমান আলীর ভাইপো আয়নাল হোসেন তাকে কুপিয়ে হত্যা করে। এব্যাপারে মহেশপুর থানায় একটি হত্যা মামলা দায়ের করা হয়েছে।

দামুড়হুদায় মাদক ব্যবসায়ী আটক

দামুড়হুদা মডেল থানা পুলিশের সফল অভিযানে মাদক ব্যবসায়ী রহমানকে আটক করেছে পুলিশ ।

জানা গেছে, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আব্দুল খালেকের নিদের্শে গতকাল সকাল ৯.৩০ ঘটিকার দিকে এস,আই শাহ আঃ আজিজ, সঙ্গীয় এএসআই কার্তিক কুমার, এএসআই হায়দার আলী গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদা থানার মুন্সিপুর মাঝেরপাড়া গ্রামের মহির উদ্দিনের মুদি দোকানের সামনে থেকে মুন্সিপুরের গরীব আলী ওরফে দবির উদ্দিনের ছেলে মাদক ব্যবসায়ী আঃ রহমান(৩৮) শরীর তল্লাসি করলে ১০ (দশ) পিচ ইয়াবা ট্যাবলেট ও ১ পুরিয়া হেররোইনসহ তাকে আটক করেন।
থানা সূত্রে জানা গেছে, আটককৃত আসামির বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) সারণির ক্রমিক নং- ১০(ক)/৮(ক) রুজু করা হয়। আটককৃত আসামিকে গতকালই আদালতে সোপর্দ করা হইয়াছে।

দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে মেয়র মতিয়ার রহমান ও কাউন্সিলরদের ফুলেল শুভেচ্ছা

চুয়াডাঙ্গা জেলার দর্শনা পৌরসভার ৪ বারের নির্বাচিত মেয়র মতিয়ার রহমানসহ সংরক্ষিত মহিলা কাউন্সিলর ও সাধারণ কাউন্সিলরদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে। দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে এ শুভেচ্ছা জানানো হয়।

গতকাল মঙ্গলবার বেলা ১১ টার দিকে দর্শনা পৌরসভা হলরুমে ফুলেল শুভেচ্ছা গ্রহণ কালে মেয়র মতিয়ার রহমান সাংবাদিকদের উদ্দোশ্যে বলেন, সাংবাদিকদের কলম অনেক শক্তিশালী। ন্যায়ের পক্ষে, অন্যায়ের বিরুদ্ধে সাংবাদিকদের কলম সোচ্চার থাকে বলেই সমাজ কলুষ মুক্ত হয়। কোন কোন সংবাদের কারণে সমাজের বিশৃংখলার সৃস্টি হতে পারে, সেদিকে সকলকে খেয়াল রাখতে হবে। তাই বস্তুনিষ্ট সংবাদ তুলে ধরে আলোকিত সমাজ গঠনে সাংবাদিকদের এগিয়ে আসতে হবে। মনে রাখতে হবে ছোট একটি শহর দর্শনা। এ শহরে আমরা একে অপরকে ভালোভাবে চিনি ও

জানি। ফলে সকলে কাধে কাধ মিলিয়ে দর্শনার উন্নয়নে কাজ করবো নিরলসভাবে।

উপস্থিত ছিলেন, দর্শনা পৌর সচিব মনিরুজ্জামান শিকদার, বর্তমান পরিষদের মহিলা কাউন্সিলর জাহানারা বিবি, সুরাতন নেছা ও বিলকিস খাতুন। সাধারণ কাউন্সিলরদের মধ্যে উপস্থিত ছিলেন, রবিউল হক সুমন, রেজাউল ইসলাম, সাবির হোসেন মিকা, হাসান খালেকুজ্জামান, সাইফুল ইসলাম মুকুল, বিল্লাল হোসেন, আশুর উদ্দিন প্রমুখ।

এ সময় দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে নবনির্বাচিত মেয়র, মহিলা কাউন্সিলর ও সাধারণ কাউন্সিলরদের ফুলেল শুভেচ্ছার মাধ্যমে অভিনন্দন জানানো হয়েছে। সাংবাদিকদের মধ্যে উপস্থিত ছিলেন, দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু, সহ-সভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক হারুন রাজু, সাংগঠনিক সম্পাদক মাহমুদ হাসান রনি, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মেহেদী হাসান তুহিন, সাংবাদিক সমিতির যুগ্ম-সম্পাদক মনিরুজ্জামান সুমন।

সাবেক সভাপতি হানিফ মন্ডলের উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন, হাসমত আলী, সাব্বির আলীম, সুকমল চন্দ্র দাস বাধন, আবির হাসান রিফাত, আ. হান্নান সুজন মাহমুদ, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ রয়েল, ফরহাদ হোসেন প্রমুখ।